

ছাত্র-ছাত্রীদের প্রতি নির্দেশ

- ১। সকল শিক্ষার্থীকে বিদ্যালয়ের শৃঙ্খলা রক্ষা করে চলতে হবে। শিক্ষার্থীর যে কোনো বিশৃঙ্খল আচরণ শাস্তিযোগ্য অপরাধ বলে বিবেচিত হবে।
- ২। বিদ্যালয়ের সকল শিক্ষার্থীকে নিয়মিত প্রার্থনা সভায় অবশ্যই যোগ দিতে হবে এবং প্রার্থনার পর সুশৃঙ্খল ও সারিবদ্ধভাবে নিজ নিজ শ্রেণিকক্ষে প্রবেশ করতে হবে।
- ৩। বিদ্যালয়ে প্রার্থনা শুরু ১০টা ৪০মিনিটে। ক্লাস শুরু ১০টা ৫০ মিনিটে। ক্লাস শেষ ৪টা ৩০ মিনিটে। শনিবার ক্লাস শেষ ১টা ৩০ মিনিটে।
- ৪। বিদ্যালয়ে নিয়মিত উপস্থিত থাকা সকল ছাত্রছাত্রীর প্রধান কর্তব্য। কমপক্ষে শতকরা ৭০ দিন উপস্থিত না হলে কোন ছাত্রছাত্রীকে বাৎসরিক/টেস্ট পরীক্ষায় বসতে দেওয়া হবে না।
- ৫। ছাত্রদের সাদা জামা ও নীল প্যান্ট, ছাত্রীদের সাদা সালায়ার ও সবুজ ওড়না অথবা সবুজ পাড় সাদা শাড়ি ও সবুজ ব্লাউজ পরে বিদ্যালয়ে আসতে হবে এবং বিদ্যালয়ের Identity Card অবশ্যই থাকতে হবে।
- ৬। প্রত্যহ পরিষ্কার পরিচ্ছন্ন 'স্কুল ইউনিফর্ম' পরে বিদ্যালয়ে আসতে হবে।
- ৭। সাইকেলে চেপে বিদ্যালয় প্রাঙ্গণে প্রবেশ করা বা বিদ্যালয় প্রাঙ্গণে সাইকেল চালানো নিষিদ্ধ। ছাত্র-ছাত্রীদের সাইকেল বিদ্যালয়ের সাইকেল স্ট্যাণ্ডে রাখতে হবে।
- ৮। ছুটি হওয়ার আগে প্রধান শিক্ষকের অনুমতি ছাড়া কোন ছাত্র-ছাত্রী বিদ্যালয় প্রাঙ্গণ ত্যাগ করতে পারবে না।
- ৯। দুটি ক্লাসের মধ্যবর্তী সময়ে বা যখন শ্রেণী কক্ষে শিক্ষক মহাশয় থাকবেন না, শ্রেণী-কক্ষের শৃঙ্খলা রক্ষার দায়িত্ব সংশ্লিষ্ট মনিটরের।
- ১০। বিদ্যালয়ের প্রতিটি সাংস্কৃতিক অনুষ্ঠানে, খেলাধুলায় এবং সকল প্রকার উদ্‌যাপন দিবসে অংশগ্রহণ করা প্রত্যেক ছাত্র-ছাত্রীর পক্ষে বাধ্যতামূলক।
- ১১। বাৎসরিক পরীক্ষার পূর্বে বিদ্যালয়ে প্রদেয় সমস্ত অর্থ মিটিয়ে এ্যাডমিট কার্ড সংগ্রহ করতে হবে।
- ১২। শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষাকর্মীবৃন্দের প্রতি যথোপযুক্ত সম্মান ও নম্রতা বজায় রেখে কথা বলা সকল ছাত্র-ছাত্রীর কর্তব্য।
- ১৩। বিদ্যালয় প্রাঙ্গণ ও শ্রেণিকক্ষের পরিষ্কার, পরিচ্ছন্নতা ও সৌন্দর্য রক্ষা, সমস্ত প্রকার প্লাস্টিক বর্জন করা প্রত্যেক ছাত্র-ছাত্রীর একান্ত কর্তব্য।
- ১৪। বিদ্যালয়ের আসবাবপত্রের যত্ন রাখা প্রত্যেক ছাত্র-ছাত্রীর দায়িত্ব। কোন শ্রেণিকক্ষের আসবাবপত্রে কোন ক্ষতির জন্য সেই শ্রেণির সকল ছাত্র-ছাত্রীকে দায়ী থাকতে হবে।
- ১৫। বিদ্যালয়ে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে লাইব্রেরীর সদস্যপদ গ্রহণ করে নিয়মিত লাইব্রেরীর সঙ্গে যোগাযোগ রাখতে হবে।
- ১৬। ক্যামেরা, মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ বিদ্যালয়ে নিয়ে আসা কঠোরভাবে নিষিদ্ধ।
- ১৭। ছাত্রদের ছাত্রাবাসে থাকতে হলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক কিংবা দায়িত্বপ্রাপ্ত শিক্ষক মহাশয়ের সঙ্গে দেখা করতে হবে ও নিয়মাবলি সম্পর্কে অবহিত হতে হবে।